গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নং-৩৭.০২.০০০০.১০১.২৩.০০২.২০- ৩১৩২৩/১৫ তারিখ: ১৩ডিসেম্বর ২০২২খ্রি.

বিষয়: মহান বিজয় দিবস ২০২২ উদ্‌যাপন।

সূত্র: (১) শিক্ষা মন্ত্রণালয়ের ০৭ নভেম্বর ২০২২ খ্রি. তারিখের মহান বিজয় দিবস ২০২২ উদযাপন প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী'র আলোকে।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মহান বিজয় দিবস ২০২২ যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপন উপলক্ষে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরাধীন অফিস/শিক্ষা প্রতিষ্ঠানসমূহে নিম্নে বর্ণিত কর্মসূচি পালনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

| ক্র. নং | জাতীয় কর্মসূচি |
|---|---|
| ০১. | মহান বিজয় দিবস যথাযথ মর্যাদায় উদ্‌যাপনের অংশ হিসেবে ১৬ ডিসেম্বর ২০২২ খ্রি. সূর্যোদয়ের সাথে সাথে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরাধীন সকল অফিস এবং সরকারি-বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান জাতীয় পতাকা উত্তোলন করবে। জাতীয় পতাকা উত্তোলনের ক্ষেত্রে People's Republic of Bangladesh Flag Rules 1972 অনুসরণপূর্বক সঠিক মাপ ও রঙের জাতীয় পতাকা উত্তোলন করবে। |
| ০২ | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর উল্লেখযোগ্য উক্তি/উদ্ধৃতি ও ছবি, জাতীয় স্মৃতিসৌধ, বীরশ্রেষ্ঠদের ছবি সম্বলিত ড্রপডাউন ব্যানার প্রদর্শন করবে। এক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়ের প্রস্তুতকৃত ব্যানারের ডিজাইন অনুসরণ করবে। |
| ০৩ | ১৬ ডিসেম্বর ২০২২ তারিখ দেশের সকল জেলা ও উপজেলা সদরে অনুষ্ঠেয় কুচকাওয়াজ অনুষ্ঠানে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরাধীন স্কুল, কলেজ, স্কাউটস, রোভার স্কাউটস, গার্লস গাইড ছাত্র-ছাত্রী অংশগ্রহণ করবে। |
| ০৪ | মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরের শিক্ষা প্রতিষ্ঠানে (সরকারি-বেসরকারি) ১৬ ডিসেম্বর ২০২২ তারিখ (সুবিধাজনক সময়ে) ক্রীড়ানুষ্ঠান, T-20 ক্রিকেট টুর্নামেন্ট, নৌকা বাইচ (যেখানে সম্ভব), ফুটবল, কাবাডি ও হা-ডু-ডু খেলার মধ্যে যে খেলাটি সুবিধাজনক এমন একটি খেলা আয়োজন করবে। |
| ০৫. | মহান বিজয় দিবস উপলক্ষে (১৬-৩১ ডিসেম্বর ২০২২ এর মধ্যে) সুবিধাজনক সময়ে শিক্ষা প্রতিষ্ঠানে (সরকারি-বেসরকারি) মুক্তিযুদ্ধ ভিত্তিক বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করবে এবং বীর মুক্তিযোদ্ধাদের উপস্থিতিতে তাঁদের কণ্ঠে মুক্তিযুদ্ধের উল্লেখযোগ্য স্মৃতি শিক্ষার্থীদের সম্মুখে উপস্থাপন করবে। |
| ০৬. | ১৬ ডিসেম্বর ২০২২ তারিখ মহান বিজয় দিবস উপলক্ষে জেলা ও উপজেলা প্রশাসন কর্তৃক আয়োজিত বিভিন্ন অনুষ্ঠানে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরাধীন সকল দপ্তর-সংস্থার সকল কর্মকর্তা উপস্থিত থাকবেন। |
| ০৭. | সকল সরকারি কর্মচারীকে স্ব স্ব প্রতিষ্ঠানের বিভিন্ন কর্মসূচিতে অংশগ্রহণ নিশ্চিত করতে হবে। |
| ০৮. | শিক্ষার্থীরা নিম্নের যেকোন একটি বিষয়ে ১০০ শব্দের মধ্যে তাদের অঙ্গীকার কিংবা অভিজ্ঞতা লিখবে। নিম্নের বিষয়গুলো থেকে প্রত্যেক গ্রুপের জন্য নির্ধারিত বিষয়গুলোর মধ্যে যেকোন ১টি বিষয়ে একজন শিক্ষার্থী অংশগ্রহণ করতে পারবে। প্রত্যেক প্রতিষ্ঠান প্রতি গ্রুপের নির্বাচিত ১টি সেরা লেখা আগামী ১০ জানুয়ারির মধ্যে ই-মেইল ঠিকানা (16decemberdshe@gmail.com)-এ পাঠাবে। প্রতি গ্রুপ থেকে ৩০ জন করে মোট ৯০ জন শিক্ষার্থীকে জাতীয়ভাবে পুরস্কার প্রদান করা হবে। |

| ক্রম | বিভাগ | বিষয় |
|---|---|---|
| ০১ | ক বিভাগ (৬ষ্ঠ-৮ম শ্রেণি) | ১। সবুজ শিক্ষা প্রতিষ্ঠানে আমাদের বিজয়<br>২। কোভিড মুক্ত স্বাস্থ্য সুরক্ষা- আমাদের বিজয়<br>৩। ডিজিটাল শিক্ষার আলোয় আমাদের বিজয় |
| ০২ | খ বিভাগ (৯ম- ১০ শ্রেণি) | ১। বাল্য বিবাহ মুক্ত স্বদেশ-আমাদের বিজয়<br>২। জেন্ডার সমতা-আমাদের বিজয়<br>৩। দুর্নীতি মুক্ত দেশ-আমাদের বিজয় |
| ০৩ | গ বিভাগ (একাদশ- দ্বাদশ শ্রেণি) | ১। বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা-আমাদের বিজয়<br>২। মাদক মুক্ত সমাজ-আমাদের বিজয়<br>৩। শিক্ষায় রূপান্তর-আমাদের বিজয় |

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

13.12.22

(প্রফেসর মো: শাহেদুল খবির চৌধুরী)
পরিচালক (কলেজ ও প্রশাসন)
ফোন: ০২-২২৩৩৮৩৪৩৯
dir-admin@dshe.gov.bd

স্মারক নং-৩৭.০২.০০০০.১০১.২৩.০০২.২০- ৩১৩২৬/১৫ তারিখ: ১৬ ডিসেম্বর ২০২২খ্রি.

<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে) :</u>

০১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২. পরিচালক (মাধ্যমিক/পরিকল্পনা ও উন্নয়ন/প্রশিক্ষণ/অর্থ ও ক্রয়/মনিটরিং অ্যান্ড ইভালুয়েশন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
০৩. প্রকল্প পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
০৪. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল (পত্রের মর্মানুযায়ী ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
০৫. অধ্যক্ষ, সরকারি/বেসরকারি কলেজ (সকল), (পত্রের মর্মানুযায়ী ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
০৬. উপপরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
০৭. উপপরিচালক (সেসিপ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল), (পত্রের মর্মানুযায়ী ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
০৮. উপপরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল), (পত্রের মর্মানুযায়ী ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
০৯. সহকারী পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
১০. জেলা শিক্ষা অফিসার (সকল) (পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
১১. প্রধান শিক্ষক, সরকারি/বেসরকারি মাধ্যমিক বিদ্যালয় (সকল), (পত্রের মর্মানুযায়ী ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
১২. উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল), (পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
১৩. সিনিয়র সিস্টেম এনালিষ্ট, ই.এম.আই.এস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা (মাউশির ওয়েব সাইটে পত্রটি প্রকাশের অনুরোধসহ;
১৪. মহাপরিচালক/পরিচালক (কঃ ও প্রঃ) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
১৫. সংরক্ষণ নথি।

16/12/22

(রূপক রায়)
সহকারী পরিচালক (সাঃ প্রঃ)
ফোন : ০২-২২৩৩৫০০৬৮
ad-admin@dshe.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়
সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ ।
ই-মেইল useo_sad@yahoo.com
ওয়েব পোর্টাল seo.sirajganjsadar.sirajganj.gov.bd

স্মারক নং–উমাশিঅ/সদর/সিরাজ/২২/২৮০(১২৫) তারিখঃ- ১৫/১২/২০২২খ্রিঃ

বর্নিত পত্রের নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো ।

(এলিজা সুলতানা)
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ ।
অফিস টেলিঃ ০২৫৮৮৮৩০২৫২

অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার(সরকারি ও বেসরকারি)----------------------------------
স্কুল এন্ড কলেজ/কলেজ/উচ্চ/নিম্ন মাধ্যমিক বিদ্যালয়/মাদ্রাসা/কারিগরি শিক্ষা(সকল)
সদর, সিরাজগঞ্জ ।